দৈনিক ইত্তেফাক ৯।

তারিখ ... AUG. 2 3 1999
পৃষ্ঠা ৮ কলাম ৬

# রাঙ্গামাটি সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে অনার্স ও মাষ্টার্স কোর্সের দাবীতে সমাবেশ

রাঙ্গামাটি সংবাদদাতা ।। রাঙ্গামাটি সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে অনার্স ও মাষ্টার্স কোর্ন চালুর দাবীতে এবং ১১ দফা বাস্তবায়নের দাবীতে গত ৮ আগষ্ট বিক্ষোভ সমাবেশ সহকারে জেলা প্রশাসকের মাধ্যমে শিক্ষামন্ত্রী বরাবরে সর্বদলীয় ছাত্র ঐক্য স্মারকলিপি পেশ করিয়াছে। কলেজের সর্বদলীয় ছাত্রঐক্যের কয়েকশত ছাত্রছাত্রী ক্ষোভ মিছিল শেষ করিয়া জেলা প্রশাসক কার্যালয়ের সম্মুখে এক প্রতিবাদ সমাবেশও করে। সংগঠনের আহ্বায়ক শ্যামল চাকমার সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন আরিফুর রহমান, ফিরোজ আল-মাহমুদ (সোহেল), মহাপ্প দেওয়ান, ঈমান আখতার, বিমল জ্যোতি চাকমা, মাহবুবুর রহমান ও সবুজ।

সমাবেশে ঘোষণা করা হয়, রাঙ্গামাটি সরকারী বিশ্ববিদ্যালয় কলেজে চলিত মাসের মধ্যেই সম্মান ও মাষ্টার্স কোর্ন চালুসহ প্রয়োজনীয় শিক্ষক নিয়োগ করিয়া পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় কলেজে উন্নীত করা না হইলে পুরা রাঙ্গামাটি অচল করিয়া দেওয়া হইবে।